

# সংবাদ

## জনপ্রশাসন সচিব হলেন ড. মোজাম্মেল

নিজস্ব বার্তা পরিবেশক

সরকারের গুরুত্বপূর্ণ জনপ্রশাসন  
মন্ত্রণালয়ের নতুন সচিব নিয়োগ  
পেয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র  
সচিব

ড.  
মোজাম্মেল হক  
খান।



এ নিয়োগ নিয়ে  
গতকাল জনপ্রশাসন  
মন্ত্রণালয় থেকে  
আদেশ জারি করা  
হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের  
সিনিয়র সচিব ড. কামাল আবদুল  
নাসের চৌধুরী গত ২৭ নভেম্বর  
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব হিসেবে  
নিয়োগ পান। তিনি গত ১ ডিসেম্বর  
জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে বিদায়  
নেন।

বিসিএস '১৯৮২ সালের নিয়মিত  
ব্যাচের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা  
মোজাম্মেল হক খান ১৯৫৯ সালের ৩  
নভেম্বর মাদারীপুরে জন্মগ্রহণ করেন।  
তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
সমাজকল্যাণ বিভাগ থেকে স্নাতক ও  
স্নাতকোত্তর এবং মিসর থেকে  
পিএইচডি করেন। ড. মোজাম্মেলের  
২০১৮ সালের ২ নভেম্বর অবসরোত্তর  
ছুটিতে (শিআরএল) যাওয়ার কথা।  
এর আগে তিনি পার্বত্য চট্টগ্রাম  
বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব,  
সড়ক বিভাগ (বর্তমানে সড়ক  
পরিবহন ও মহাসড়ক বিভাগ),  
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন  
বিভাগ (আইএমইডি) এবং জ্বালানি ও  
খনিজ সম্পদ বিভাগের সচিবের  
দায়িত্ব পালন করেন। জ্বালানি ও  
খনিজ সম্পদ বিভাগে সচিব  
থাকাকালে ২০১৪ সালের ২০ মার্চ  
সিনিয়র সচিব হিসেবে পদোন্নতি পান  
ড. মোজাম্মেল হক খান।